



## বগুড়া-৬ উপনির্বাচনে বিপুল ভোটে জয়ী খানের শীষের বাদশা



বগুড়া-৬ আসনে বিপুল ভোটে জয়ী রেজাউল করিম বাদশা। ছবি: সংগৃহীত

বগুড়া-৬ আসনের উপনির্বাচনে উল্লেখযোগ্য ব্যবধানে বিজয়ী হয়েছেন বিএনপির প্রার্থী রেজাউল করিম বাদশা। খানের শীষ প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করে তিনি স্পষ্ট ব্যবধানে জয় নিশ্চিত করেন।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) রাতে রিটার্নিং কর্মকর্তা ফজলুল করিম আনুষ্ঠানিকভাবে তাকে বিজয়ী ঘোষণা করেন।

প্রকাশিত ফলাফল অনুযায়ী, ১৫০টি কেন্দ্রের গণনা শেষে রেজাউল করিম বাদশা পেয়েছেন ১ লাখ ৩৩ হাজার ২১৫ ভোট। তার প্রধান প্রতিদ্বন্দ্বী জামায়াত সমর্থিত দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী আবিদুর রহমান সোহেল অর্জন করেন ৫৬ হাজার ৯০৪ ভোট।

সকাল সাড়ে ৭টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। এই আসনে মোট ভোটার সংখ্যা ছিল ৪ লাখ ৫০ হাজার ৩০৯ জন, যার মধ্যে ভোট প্রদান করেন ১ লাখ ৯১ হাজার ৬৯৬ জন।

ভোট শেষে নির্বাচন কর্মকর্তা জানান, পুরো প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে এবং কোথাও বড় ধরনের কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

উল্লেখ্য, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বগুড়া-৬ ও ঢাকা-১৭—দুটি আসনেই জয়ী হন। পরবর্তীতে বগুড়া-৬ আসন ছেড়ে দেওয়ায় সেখানে এই উপনির্বাচন অনুষ্ঠিত হয়।